



ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়

মাদ্রাসা পরিদর্শন দফতর

www.iau.edu.bd iauins13@gmail.com



বাড়ি নং-১২৪/৯০/০৩ ব্লক-বি, সড়ক নং-০২, ওয়েস্ট ধানমন্ডি, বছিলা, মোহাম্মদপুর, ঢাকা-১২৩১।

স্মারক নং- ইআবি/পরি/অধি-নবা/খু-১০০/২০১৯/২২৮৭৬

তারিখ: ২৭ ভাদ্র ১৪৩০ বঙ্গাব্দ
১১ সেপ্টেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ

অফিস আদেশ

ঘুগরাকাটা ফাজিল মাদ্রাসা, ডাকঘর: ঘুগরাকাটা, উপজেলা: কয়রা, জেলা: খুলনা-এর ফাজিল স্নাতক (পাস) বি.এ/বি.এস.এস স্তরের অধিভুক্তি নবায়নের বিষয়ে অধ্যক্ষের ২০.১০.২০২২খ্রি. তারিখের জমাকৃত আবেদন ও ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ে অনুসৃত অধিভুক্তি নবায়ন সংক্রান্ত বিধি অনুযায়ী গঠিত ০১ (এক) সদস্য বিশিষ্ট তদন্ত কমিটির দাখিলকৃত প্রতিবেদনের প্রেক্ষিতে মাদ্রাসাটির ফাজিল স্নাতক (পাস) বি.এ/বি.এস.এস স্তর নিম্নবর্ণিত শর্তে ২৭.০৪.২০২৩খ্রি. থেকে ২৬.০৪.২০২৭ খ্রি. পর্যন্ত ০৪ (চার) বছরের জন্য অধিভুক্তি নবায়ন করা হলো:

শর্তসমূহ:

১. সকল শ্রেণিতে অবশ্যই শিক্ষার্থীর সংখ্যা বৃদ্ধিতে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে এবং পদক্ষেপসমূহ বিশ্ববিদ্যালয়কে অবহিত করতে হবে।
২. সকল আয়-ব্যয় যথাসময়ে সম্পন্ন করে অডিট কমিটির মূল্যায়ন শেষে গভর্নিং বডির অনুমোদন নিতে হবে। ব্যাংকের মাধ্যমে সকল আর্থিক লেনদেন করতে হবে। হিসাব কার্য পরিচালনার জন্য সকল বিল ভাউচারগুলো ধারাবাহিকভাবে সংরক্ষণ করতে হবে।
৩. বাল্য বিবাহ রোধে অভিভাবকদের নিয়ে সচেতনমূলক সেমিনারের আয়োজন করতে হবে।
৪. শ্রেণিকক্ষে মূল বই ব্যবহার নিশ্চিত করতে হবে।
৫. জাতীয় দিবসগুলোতে বিষয়ভিত্তিক আলোচ্য সূচি ও প্রতিযোগিতা আয়োজনের মাধ্যমে যথাযথ মর্যাদার পালন করতে হবে।
৬. “হৃদয়ে বঙ্গবন্ধু” তথা বঙ্গবন্ধু কর্নারকে আরো সমৃদ্ধ করে স্বতন্ত্র কক্ষে স্থানান্তর করতে হবে। বঙ্গবন্ধুর আদর্শ, দেশপ্রেম ও সংগ্রাম সম্পর্কে শিক্ষার্থীদের অবহিত করণের ব্যবস্থা করতে হবে।
৭. গ্রন্থাগারে রেফারেন্স বই, জার্নাল ও আরো যুগোপযোগী বই ক্রয় করে নিয়মিত শিক্ষার্থীদের ব্যবহারে উদ্বুদ্ধ করতে হবে।
৮. অধিভুক্তি নবায়নের মেয়াদ উত্তীর্ণ হওয়ার কমপক্ষে ০৮ (আট) মাস পূর্বে নবায়নের জন্য আবেদন করতে হবে।

মাননীয় ভাইস চ্যান্সেলর-এর অনুমোদনক্রমে

(ড. জাভেদ আহমাদ)

সহকারী পরিদর্শক (অতিরিক্ত দায়িত্ব)

মাদ্রাসা পরিদর্শন দপ্তর

মোবাইল: ০১৭১৪-২০২০৬৬

অধ্যক্ষ

ঘুগরাকাটা ফাজিল মাদ্রাসা

ডাকঘর: ঘুগরাকাটা, উপজেলা: কয়রা, জেলা: খুলনা।

স্মারক নং- ইআবি/পরি/অধি-নবা/খু-১০০/২০১৯/২২৮৭৬

তারিখ: ২৭ ভাদ্র ১৪৩০ বঙ্গাব্দ
১১ সেপ্টেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি:

- ১। মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, গাইড হাউস (৭ম এবং ১০ম তলা), নিউ বেইলি রোড, রমনা, ঢাকা-১০০০।
- ২। চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, বকশী বাজার, ঢাকা-১২১১।
- ৩। রেজিস্ট্রার, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, (একাডেমিক কাউন্সিল সভায় রিপোর্ট করার জন্য)।
- ৪। ভাইস চ্যান্সেলর মহোদয়ের একান্ত সচিব (ভাইস চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়।
- ৫। প্রো-ভাইস চ্যান্সেলর মহোদয়ের একান্ত সচিব (প্রো-ভাইস চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়।
- ৬। আইসিটি বিভাগ, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
- ৭। সভাপতি, ঘুগরাকাটা ফাজিল মাদ্রাসা, ডাকঘর: ঘুগরাকাটা, উপজেলা: কয়রা, জেলা: খুলনা।
- ৮। অফিস নথি।

(মোঃ জাহান উদ্দিন)

সেকশন অফিসার

মাদ্রাসা পরিদর্শন দপ্তর

মোবাইল: ০১৭২৪৮০৮৫২৪